

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
রমনা, ঢাকা।  
[publiclibrary.gov.bd](http://publiclibrary.gov.bd)

স্মারক নং-৪৩.২৬.০০০০.০০১.৩৫.৩৯৫.১৬-৩৫১০

তারিখ: ২৭/০৪/২০২৬

অফিস-আদেশ

গণগ্রন্থাগার অধিদপ্তরের আওতাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল এর বুকস্টার জনাব মো: রাজীব হোসেন উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কর্মস্থলে ৬০ (ষাট) বা তদুর্ধ্ব দিন কর্মস্থলে অনুপস্থিত এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে দেশ ত্যাগ করে বিদেশ অবস্থান করায় তার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (চ) মোতাবেক পলায়ন (Desertion) হিসেবে গণ্য।

০২। যেহেতু, আপনি জনাব মো: রাজীব হোসেন উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে ০৬ (ছয়) মাস সময়কাল কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, যা সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিত) বিধিমালা, ২০১৯ এর ৩(১) ও (২) এর লঙ্ঘন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের পত্রের জবাব না দেয়া, ফোন বা মেসেজের জবাব না দেয়া সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ) মোতাবেক অসদাচরণের শামিল।

০৩। সেহেতু, জনাব মো: রাজীব হোসেন-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ) ও ২ (চ) মোতাবেক অসদাচরণ ও পলায়ন (Desertion) অপরাধে অভিযুক্ত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ১২ (১) এবং সরকারি চাকরি আইন, ২০১৮ এর (১) অনুযায়ী গত ০৪ অক্টোবর ২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

উল্লেখ্য, সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।



(মনিষ চাকমা)

মহাপরিচালক

গণগ্রন্থাগার অধিদপ্তর

ফোন: ০২-২২২২২৯৪৫৮


[dg.dpl.2012@gmail.com](mailto:dg.dpl.2012@gmail.com)

স্মারক নং-৪৩.২৬.০০০০.০০১.৩৫.৩৯৫.১৬-৩৫১০ (৭)

তারিখ: ২৭/০৪/২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. পরিচালক, প্রশাসন ও হিসাব, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
২. সিনিয়র লাইব্রেরিয়ান, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা।
৩. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, নড়াইল।
৪. সহকারী প্রোগ্রামার, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. জুনিয়র লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল।
৬. জনাব মো: রাজীব হোসেন, বুকস্টার, জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল।
৭. অফিস কপি।



(মোঃ হারুনুর রশীদ)

সহকারী পরিচালক

(প্রশাসন-২)

[harunorrashid.cpl@gmail.com](mailto:harunorrashid.cpl@gmail.com)